# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

পত্র নং : ৫০৮/মাধ্য-পরী/২০০০/২৮১৫ তারিখ : ০৭/০৪/২০২৫ খ্রি.

বিষয়: ২০২৫ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার উত্তরপত্র প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, ২০২৫ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার উত্তরপত্র প্রতিদিন পরীক্ষা শেষে ওই দিনই ঢাকা শিক্ষা বোর্ডে পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে হাতে হাতে তিনি নিজে অথবা প্রাধিকারপ্রাপ্ত শিক্ষক মারফত পুলিশ প্রহরাসহ নিরাপদ হেফাজতে প্রেরণের ব্যবস্থা করতে হবে অথবা সময় উল্লেখ করে রেলওয়ে পার্সেল ওই দিনই প্রেরণের ব্যবস্থা করতে হবে। যদি হাতে হাতে অথবা রেলওয়ে পার্সেলে পরীক্ষার দিন প্রেরণ সম্ভব না হয় তাহলে প্রতিদিন পরীক্ষার শেষে সময় উল্লেখপূর্বক উত্তরপত্রভর্তি বস্তা/প্যাকেট/বাক্স সিলগালা করে থানা হেফাজতে মালখানায় রাখতে হবে এবং নিম্নবর্ণিত তারিখসমুহে থানার মালখানা থেকে (সময় উল্লেখপূর্বক) বের করে সিলগালা না ভেঙ্গে থানার সার্টিফিকেটসহ পুলিশ প্রহরায় নিরাপদ হেফাজতে তিনি নিজে অথবা কোনো দায়িত্বপ্রাপ্ত শিক্ষক (পরীক্ষা পরিচালনা কমিটির সাথে সংশ্লিষ্ট) এর মাধ্যমে পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে হাতে হাতে জমা দিতে হবে।

<u>উত্তরপত্র প্রেরণের তারিখ:</u>

২৩/০৪/২০২৫, বুধবার (প্রথম কিস্তি) : ১০/০৪/২০২৫, ১৫/০৪/২০২৫, ১৭/০৪/২০২৫, ২১/০৪/২০২৫ ও ২২/০৪/২০২৫ তারিখ সমূহের পরীক্ষার সকল উত্তরপত্র।

০২/০৫/২০২৫, শুক্রবার (দ্বিতীয় কিস্তি) : ২৩/০৪/২০২৫, ২৪/০৪/২০২৫, ২৭/০৪/২০২৫,২৯/০৪/২০২৫ ও ৩০/০৪/২০২৫ তারিখ সমূহের পরীক্ষার সকল উত্তরপত্র।

১৪/০৫/২০২৫, বুধবার (তৃতীয় কিস্তি) : ০৪/০৫/২০২৫, ০৬/০৫/২০২৫, ০৭/০৫/২০২৫, ০৮/০৫/২০২৫ ও ১৩/০৫/২০২৫, তারিখ সমূহের পরীক্ষার সকল উত্তরপত্র।

07/04/2025

প্রফেসর এস এম কামাল উদ্দিন হায়দার

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ০২-২২৩৩৬৯৮১৫

কেন্দ্রসচিব

ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন এসএসসি পরীক্ষা কেন্দ্র- ২০২৫